# 'ভূমিসেবা মেলা ২০২৬' আয়োজনে বিভাগ/জেলা/উপজেলা/রাজস্ব সার্কেল পর্যায়ে করণীয় বিষয়ে নির্দেশিকা

আধুনিক বাংলাদেশ বিনির্মাণের অন্যতম একটি ক্ষেত্র হল জনবান্ধব ভূমিসেবা জনসাধারণের দোরগোড়ায় পৌঁছে দেওয়া। ভূমি মন্ত্রণালয় ইতোমধ্যে ভূমি সংক্রান্ত সেবাসমূহ অটোমেশনের মাধ্যমে জনগণের নিকট পৌঁছানোর লক্ষ্যে নানাবিধ কার্যক্রম গ্রহণ করেছে। এ সকল কার্যক্রম সর্বসাধারণের মাঝে ব্যাপক আকারে প্রচার করা আবশ্যক। জনগণের দোরগোড়ায় সহজ, স্বচ্ছ ও ডিজিটালাইজড ভূমিসেবা পৌঁছে দেওয়ার এবং নাগরিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ভূমি মন্ত্রণালয় কর্তৃক দেশজুড়ে "ভূমিসেবা মেলা ২০২৬" আয়োজনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

**সময়:** ১৯-২১ মে ২০২৬, ৩ দিন

**মেলার উদ্দেশ্য**

- ভূমিসেবা ডিজিটালাইজেশন সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি
- নাগরিকদের দোরগোড়ায় ভূমিসেবা সহজলভ্য করা
- মেলায় নাগরিকদের সরাসরি ভূমিসেবা প্রদান
- অনলাইন ভূমিসেবা সিস্টেম (land.gov.bd) ব্যবহারে নাগরিকদের উৎসাহ প্রদান
- ভূমি উন্নয়ন কর প্রদানে নাগরিকদের সহযোগিতা প্রদান এবং রাজস্ব আদায় বৃদ্ধি
- অভিযোগ গ্রহণ ও তাৎক্ষণিক সমাধান
- ভূমি ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও দক্ষতা বৃদ্ধি

## ১। ভূমিসেবা মেলা ২০২৬ আয়োজনে বিভাগীয় পর্যায়ে করণীয় :

১. বিভাগীয় সদরের জেলার জেলা প্রশাসক বিভাগীয় সদরে/সিটি কর্পোরেশনে বিভাগীয় কমিশনার ও রাজস্ব সার্কেলসমূহের সাথে সমন্বয় করে ভূমিসেবা মেলা আয়োজন করবেন। বিভাগীয় সদরে অবস্থিত জেলার উপজেলাসমূহে অন্যান্য উপজেলার ন্যায় পৃথকভাবে মেলা আয়োজন করতে হবে।

ঢাকা বিভাগের ক্ষেত্রে সিটি কর্পোরেশন এলাকার সকল রাজস্ব সার্কেল ও সংশ্লিষ্ট অন্যান্য সংস্থা ও দপ্তরসমূহ, ভূমি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট প্রকল্পসমূহ ভূমি ভবনে আয়োজিত কেন্দ্রীয় মেলায় অংশগ্রহণ করবে যা বিভাগীয় ও জেলা প্রশাসনের সহযোগিতায় ভূমি মন্ত্রণালয় কর্তৃক আয়োজন করা হবে।

২. বিভাগীয় পর্যায়ে ভূমিসেবা মেলা শুরুর পূর্বে ১৭ মে ২০২৬ বুধবার প্রেস কনফারেন্সের আয়োজন করতে হবে। উক্ত প্রেস কনফারেন্সে ভূমিসেবায় ভূমি মন্ত্রণালয়ের উদ্যোগসমূহ, ভূমি ব্যবস্থাপনার ভবিষ্যৎ কর্মপরিকল্পনা ও ভূমিসেবা মেলা ২০২৬-এ প্রদেয় তথ্য ও সেবাসমূহ সম্পর্কে আলোচনা করা যেতে পারে।

৩. ঢাকাস্থ ভূমি ভবনে আয়োজিত কেন্দ্রীয় উদ্বোধনী অনুষ্ঠানে **ভার্চুয়ালি যুক্ত থেকে একযোগে আগামী ১৯ মে ২০২৬ তারিখ সকাল ১০:০০ টায় বিভাগীয় সদরে সিটি কর্পোরেশনের রাজস্ব সার্কেলসমূহ ও আওতাধীন ভূমি অফিসমূহের অংশগ্রহণে মেলা প্রাঙ্গণ থেকে উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন করতে হবে।**

৪. ভূমিসেবা মেলা ২০২৬ চলাকালীন বিভাগীয় পর্যায়ের জেলার সাথে যৌথভাবে সুবিধাজনক সময়ে ও স্থানে গণ্যমান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ/সমাজকর্মী/বিভিন্ন সরকারি-বেসরকারি কর্মকর্তাবৃন্দ/ধর্মীয় প্রতিষ্ঠানের প্রধান/বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীগণ/সেবাগ্রহীতা তথা সাধারণ নাগরিকদের নিয়ে ব্যাপক প্রচারের মাধ্যমে কমপক্ষে ১টি জনসচেতনতামূলক সেমিনার আয়োজন করতে হবে। সেমিনারে ভূমিসেবায় ভূমি মন্ত্রণালয়ের উদ্যোগসমূহ, নাগরিক তথা সেবা গ্রহীতাদের জন্য সেবা সহজীকরণে গৃহীত পদক্ষেপসমূহ, ভূমি ব্যবস্থাপনার ভবিষ্যৎ কর্মপরিকল্পনা ইত্যাদি বিষয়সমূহ আলোচনা করা যেতে পারে। এছাড়া ভূমি পোর্টালে (land.gov.bd) রেজিস্ট্রেশন, ই-নামজারির আবেদন প্রক্রিয়াকরণ, অনলাইনে

ভূমি উন্নয়ন কর প্রদান এবং এ সকল ফি সম্পূর্ণভাবে অনলাইনে গ্রহণ করা সংক্রান্ত ধারণা দিতে হবে। এছাড়াও ডাকযোগে ভূমিসেবা, ই-পর্চা ও মৌজাম্যাপ প্রাপ্তি, অনলাইনে ডিসিআর ও খতিয়ান প্রাপ্তি, ভূমিসেবা সম্পর্কে অভিযোগ জানাতে বা ভূমিসেবা সংক্রান্ত যে কোন বিষয় জানতে ভূমি মন্ত্রণালয়ের কল সেন্টারের হটলাইন সেবা (১৬১২২) এবং 'ভূমিসেবা সহায়তা কেন্দ্র' (LSFC) সম্পর্কে সচেতন করতে হবে।

৫. সাধারণ নাগরিকগণকে সচেতন করার নিমিত্ত 'ভূমিসেবা মেলা ২০২৬' উপলক্ষ্যে ভূমিসেবা বিষয়ক বুকলেট "ভূমি আমার ঠিকানা" মন্ত্রণালয় থেকে সরবরাহ করা হবে। এ বুকলেটটি সর্বস্তরের নাগরিকদের মাঝে বিতরণ নিশ্চিত করতে হবে।

৬. 'ভূমিসেবা সহায়তা নির্দেশিকা ২০২৫' অনুযায়ী কিভাবে ভূমিসেবা সহায়তা কেন্দ্র (Land Service Facilitation Centre, LFSC) হতে সেবা নিতে হবে হয় সে সম্পর্কে ধারনা দিতে হবে। ভূমিসেবা সহায়তা কেন্দ্র নিয়ে সরকারের পরিকল্পনা সম্পর্কে আলোচনা করতে হবে।

৭. জেলা ও উপজেলা পর্যায়ে ভূমি মেলা ২০২৬ সফলভাবে আয়োজনের জন্য বিভাগীয় কমিশনারগণ তাঁর আওতাধীন জেলা প্রশাসকগণ ও সহকারী কমিশনার (ভূমি)গণকে প্রয়োজনীয় পরামর্শ ও নির্দেশনা প্রদান করবেন এবং নিয়মিত ফলো-আপ করবেন।

৮. ভূমিসেবা মেলা ২০২৬ শেষ হওয়ার ৭ কার্যদিবসের মধ্যে স্থির চিত্রের সফটকপি ও অন্যান্য প্রমাণক সকল জেলা ও উপজেলা থেকে সংগ্রহ করে বিভাগভিত্তিক বাস্তবায়ন প্রতিবেদন fa2@minland.gov.bd, ehoq1970@gmail.com এ প্রেরণ নিশ্চিত করবেন।

**২। জেলা পর্যায়ে ভূমিসেবা মেলা ২০২৬ আয়োজনে করণীয়:**

১. জেলা সদরে জেলা প্রশাসন রাজস্ব সার্কেল/সদর উপজেলা ভূমি অফিসের সাথে সমন্বয় করে ভূমিসেবা মেলা আয়োজন করবে। **আগামী ১৯-২১ মে ২০২৬ তিন দিনব্যাপী ভূমিসেবা মেলা আয়োজন করতে হবে এবং ঢাকাস্থ ভূমি ভবনে আয়োজিত কেন্দ্রীয় উদ্বোধনী অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হয়ে একযোগে আগামী ১৯ মে ২০২৬ তারিখ সকাল ১০:০০ টায় জেলা পর্যায়ের মেলা প্রাঙ্গণ থেকে উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন করতে হবে।**

২. ভূমিসেবা মেলা ২০২৬ চলাকালীন কোন সুবিধাজনক সময়ে ও স্থানে গণ্যমান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ/সমাজকর্মী/বিভিন্ন সরকারি-বেসরকারি কর্মকর্তাবৃন্দ/বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী/সেবা গ্রহীতা তথা সাধারণ নাগরিকদের নিয়ে ব্যাপক প্রচারের মাধ্যমে কমপক্ষে ১টি জনসচেতনতামূলক সেমিনার আয়োজন করতে হবে। সেমিনারে ভূমিসেবায় ভূমি মন্ত্রণালয়ের উদ্যোগসমূহ, নাগরিক তথা সেবা গ্রহীতাদের জন্য সেবা সহজীকরণে গৃহীত পদক্ষেপসমূহ, ভবিষ্যৎ ভূমি ব্যবস্থাপনার কর্মপরিকল্পনা ইত্যাদি বিষয়সমূহ আলোচনা করা যেতে পারে। এছাড়া ভূমি পোর্টালে (land.gov.bd) রেজিস্ট্রেশন, ই-নামজারির আবেদন প্রক্রিয়াকরণ, অনলাইনে ভূমি উন্নয়ন কর প্রদান এবং এ সকল ফি সম্পূর্ণভাবে অনলাইনে গ্রহণ করা সংক্রান্ত ধারণা দিতে হবে। এছাড়াও ডাকযোগে ভূমিসেবা, ই-পর্চা ও মৌজাম্যাপ প্রাপ্তি, অনলাইনে ডিসিআর ও খতিয়ান প্রাপ্তি, ভূমিসেবা সম্পর্কে অভিযোগ জানাতে বা ভূমিসেবা সংক্রান্ত যে কোন বিষয় জানতে হটলাইন সেবা (১৬১২২) এবং ভূমিসেবা সহায়তা কেন্দ্র সম্পর্কে সচেতন করতে হবে।

৩. ভূমিসেবা মেলা বিষয়ে স্থানীয়ভাবে ব্যাপক প্রচার করতে হবে। মাইকিং, মসজিদে জুম্মার নামাজের খুতবায়, মসজিদে ও স্থানীয় হাট-বাজার/রেলস্টেশনে মাইকিং ও লিফলেট বিতরণ এবং শিক্ষা প্রতিষ্ঠান, স্থানীয় ক্যাবল নেটওয়ার্ক, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) এর অফিসিয়াল ফেসবুক পেইজ, ভূমিসেবা সহায়তা কেন্দ্র ইত্যাদিতে প্রচার ব্যাপক প্রচারের ব্যবস্থা করা যেতে পারে। এছাড়াও জনসাধারণের অবগতির জন্য ব্যানার, ফেস্টুন,

পোস্টার ইত্যাদি সড়ক/মহাসড়ক/হাট-বাজার/বাসস্ট্যান্ড/রেলস্টেশন/লঞ্চঘাট/পার্ক/জনসমাগম হয় এমন স্থানে টানানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪. আগামী ১৯-২১ মে ২০২৬ তিন দিনব্যাপী ভূমিসেবা মেলায় সেবা প্রার্থীদের সহযোগিতার জন্য সেবা বুথ স্থাপন করতে হবে। উক্ত সেবা প্রদান স্থানে বিভিন্ন প্রকার সচেতনতামূলক প্ল্যাকার্ড/ব্যানার/পোস্টার স্থাপন করতে হবে। ভূমিসেবা মেলা ২০২৬ উপলক্ষ্যে সেবাগ্রহীতাদের অন্যান্য সেবার সঙ্গে নিম্নবর্ণিত সেবা প্রদানের ব্যাপারে গুরুত্বারোপ করতে হবে-

ক) অনলাইনে ভূমি উন্নয়ন কর প্রদানের জন্য land.gov.bd সার্ভিস পোর্টালে রেজিস্ট্রেশন সংক্রান্ত কার্যক্রম, বর্তমানে ভূমি উন্নয়ন কর সম্পূর্ণভাবে অনলাইনে গ্রহণ করা হচ্ছে এ সম্পর্কে ব্যাপক প্রচার, হোল্ডিং এন্ট্রি ও অনুমোদন এবং অনলাইনে ভূমি উন্নয়ন কর প্রদানে নাগরিকদের সহযোগিতা প্রদান;

খ) ই-নামজারির আবেদন গ্রহণ;

গ) ভূমি অধিগ্রহণের ক্ষতিপূরণের চেক প্রদান;

ঘ) অনলাইনে খতিয়ানের সার্টিফাইড কপি প্রাপ্তির আবেদন গ্রহণ এবং তাৎক্ষণিকভাবে সরবরাহ;

ঙ) অনলাইনে মৌজা ম্যাপ ডাক বিভাগের মাধ্যমে সরবরাহ করা এবং এ বিষয়ে ব্যাপক প্রচার;

চ) সেবা গ্রহীতারদের সেবা সম্পর্কিত বিভিন্ন জিজ্ঞাসার জবাব সরাসরি উত্তর প্রদানের জন্য সেবাবুথে একজন অভিজ্ঞ কর্মকর্তা নিয়োজিত রাখতে হবে।

৫. ভূমি মন্ত্রণালয় হতে সরবরাহকৃত ভূমিসেবা সংক্রান্ত ডকুমেন্টারি প্রচার করতে হবে।

৬. সাধারণ নাগরিকগণকে সচেতন করার নিমিত্ত 'ভূমিসেবা মেলা ২০২৬' উপলক্ষ্যে ভূমিসেবা বিষয়ক বুকলেট "ভূমি আমার ঠিকানা" মন্ত্রণালয় থেকে সরবরাহ করা হবে । এ বুকলেটটি সর্বস্তরের নাগরিকদের মাঝে বিতরণ নিশ্চিত করতে হবে।

৭. 'ভূমিসেবা মেলা ২০২৬' শেষ হওয়ার ৩ কার্যদিবসের মধ্যে স্থির চিত্রের সফটকপি ও অন্যান্য প্রমাণক সকল উপজেলা থেকে সংগ্রহ করে সমগ্র জেলার বাস্তবায়ন প্রতিবেদনের সফটকপি সংশ্লিষ্ট বিভাগে পাঠানো নিশ্চিত করতে হবে।

**৩। উপজেলা/রাজস্ব সার্কেল পর্যায়ে ভূমিসেবা মেলা ২০২৬ আয়োজনে করণীয়:**

১. জেলা সদরের উপজেলা ভূমি অফিস ও সিটি কর্পোরেশন এলাকার রাজস্ব সার্কেল ব্যতীত অন্যান্য সকল উপজেলায়/রাজস্ব সার্কেলে উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি)গণ-কে আগামী ১৯ মে থেকে ২১ মে তিন দিনব্যাপী 'ভূমিসেবা মেলা ২০২৬' আয়োজন করতে হবে এবং **ঢাকাস্থ ভূমি ভবনে আয়োজিত কেন্দ্রীয় উদ্বোধনী অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হয়ে একযোগে আগামী ১৯ মে ২০২৬ তারিখ সকাল ১০:০০ টায় উপজেলা পর্যায়ের মেলা প্রাঙ্গণ থেকে উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন করতে হবে।** ইউনিয়ন ভূমি অফিস/ভূমি অফিস মেলায় পৃথক পৃথক স্টলে ভূমি সেবা প্রদান করবে।

২. ভূমিসেবা মেলা বিষয়ে স্থানীয়ভাবে ব্যাপক প্রচার করতে হবে। মাইকিং, মসজিদে জুম্মার নামাজের খুতবায়, মসজিদে ও স্থানীয় হাট-বাজার/রেলস্টেশনে লিফলেট বিতরণ, শিক্ষা প্রতিষ্ঠান, স্থানীয় ক্যাবল নেটওয়ার্ক উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) এর অফিসিয়াল ফেসবুক পেইজ ভূমিসেবা সহায়তা কেন্দ্র ইত্যাদিতে ব্যাপক প্রচারের ব্যবস্থা করা যেতে পারে। এছাড়াও জনসাধারণের অবগতির জন্য ব্যানার, ফেস্টুন, পোস্টার ইত্যাদি সড়ক/মহাসড়ক/হাট-বাজার/বাসস্ট্যান্ড/রেলস্টেশন/লঞ্চঘাট/পার্ক/জনসমাগম হয় এমন স্থানে টানানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩. 'ভূমিসেবা মেলা ২০২৬' চলাকালীন কোন সুবিধাজনক সময়ে ও স্থানে গণ্যমান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ/সমাজকর্মী/বিভিন্ন সরকারি-বেসরকারি কর্মকর্তাবৃন্দ/বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী/সেবা গ্রহীতা তথা সাধারণ নাগরিকদের নিয়ে ব্যাপক প্রচারের মাধ্যমে কমপক্ষে ১টি জনসচেতনতামূলক সভার আয়োজন করতে হবে।

সভায় ভূমিসেবায় ভূমি মন্ত্রণালয়ের উদ্যোগসমূহ, নাগরিক তথা সেবা গ্রহীতাদের জন্য সেবা সহজীকরণে গৃহীত পদক্ষেপসমূহ, ভবিষ্যৎ ভূমি ব্যবস্থাপনার কর্মপরিকল্পনা ইত্যাদি বিষয়সমূহ আলোচনা করা যেতে পারে। এছাড়া ভূমিসেবা পোর্টালে (land.gov.bd) রেজিস্ট্রেশন, ই-নামজারির আবেদন প্রক্রিয়াকরণ, অনলাইনে ভূমি উন্নয়ন কর প্রদান এবং এ সকল ফি সম্পূর্ণভাবে অনলাইনে গ্রহণ করা সংক্রান্ত ধারণা দিতে হবে। এছাড়াও ডাকযোগে ভূমিসেবা- ই-পর্চা ও মৌজাম্যাপ প্রাপ্তি, অনলাইনে ডিসিআর ও খতিয়ান প্রাপ্তি, ভূমিসেবা সম্পর্কে অভিযোগ জানাতে বা ভূমিসেবা সংক্রান্ত যে কোন বিষয় জানতে হট লাইন সেবা (১৬১২২) সম্পর্কেও সচেতন করতে হবে।

৪. আগামী ১৯-২১ মে ২০২৬ তিন দিনব্যাপী ভূমিসেবা মেলায় সেবা প্রার্থীদের সহযোগিতার জন্য সেবা বুথ ও স্টল স্থাপন করতে হবে। উক্ত সেবা প্রদান স্থানে বিভিন্ন প্রকার সচেতনতামূলক প্ল্যাকার্ড/ব্যানার/পোস্টার স্থাপন করতে হবে। ভূমিসেবা মেলা ২০২৬ উপলক্ষ্যে সেবাগ্রহীতাদের অন্যান্য সেবার সঙ্গে নিম্নবর্ণিত সেবা প্রদানের ব্যাপারে গুরুত্বারোপ করতে হবে-

ক) অনলাইনে ভূমি উন্নয়ন কর প্রদানের জন্য land.gov.bd সার্ভিস পোর্টালে রেজিস্ট্রেশন সংক্রান্ত কার্যক্রম, বর্তমানে ভূমি উন্নয়ন কর সম্পূর্ণভাবে অনলাইনে গ্রহণ করা হচ্ছে এ সম্পর্কে ব্যাপক প্রচার, হোল্ডিং এন্ট্রি ও অনুমোদন এবং অনলাইনে ভূমি উন্নয়ন কর প্রদানে নাগরিকদের সহযোগিতা প্রদান;

খ) ই-নামজারির আবেদন গ্রহণ;

গ) ভূমিহীনদের মধ্যে বন্দোবস্তকৃত কৃষি খাস জমির কবুলিয়ত ও দলিল হস্তান্তর;

ঙ) কি কি সেবা দেয়া হয় সে সেবা সম্বলিত ব্যানার ও প্ল্যাকার্ড স্থাপন করার উদ্যোগ গ্রহণ;

চ) অনলাইনে ডিসিআর ও খতিয়ান ইত্যাদি সেবাসমূহ প্রদানের ব্যবস্থা করা যেতে পারে;

ছ) সেবা গ্রহীতারদের সেবা সম্পর্কিত বিভিন্ন জিজ্ঞাসার জবাব সরাসরি উত্তর প্রদানের জন্য সেবা বুথে/স্টলে একজন অভিজ্ঞ কর্মকর্তা নিয়োজিত রাখতে হবে।

৫। ভূমিসেবা মেলা ২০২৬ শেষ হওয়ার ৩ কার্যদিবসের মধ্যে স্থির চিত্রের সফটকপি ও অন্যান্য প্রমাণকসহ প্রতিবেদনের সফটকপি সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট পাঠানো নিশ্চিত করতে হবে।

Nusrat

নুসরাত জাহান নিসু
উপসচিব
ভূমি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার